

# আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)

প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

ফোন: ৯৮৩৫৬৬১, ৮৭১১০৫৫ ফ্যাক্স: ৯৮৩৩৫৬২

[www.ispr.gov.bd](http://www.ispr.gov.bd)

## সংবাদ বিজ্ঞপ্তি

নং ২৩.১৬.০০০০.০০৬.৪৩.০০৫.২৩

তারিখ: ১৯-০৫-২০২৩

ঘূর্ণিঝড় 'মোখা' এ সেন্টমার্টিন দ্বীপের ক্ষতিগ্রস্ত জনসাধারণের মাঝে জরুরি খাদ্য ও চিকিৎসা সহায়তা দিচ্ছে নৌবাহিনী

ঢাকা, ১৯ মে ২০২৩ঃ ঘূর্ণিঝড় 'মোখা' এ ক্ষতিগ্রস্ত সেন্টমার্টিন দ্বীপের জনসাধারণের মাঝে মানবিক সহায়তা অব্যাহত রেখেছে বাংলাদেশ নৌবাহিনী। এর অংশ হিসেবে আজ শুক্রবার (১৯-০৫-২০২৩) সেন্টমার্টিন দ্বীপের ক্ষতিগ্রস্ত ৭ শতাধিক দরিদ্র ও অসহায় পরিবারের মাঝে প্রয়োজনীয় চিকিৎসা, ঔষধ ও খাদ্য সহায়তা প্রদান করা হয়। খাদ্য সহায়তা হিসেবে ক্ষতিগ্রস্ত প্রতিটি পরিবারকে চাল, ডাল, আটা, ছোলা, লবণ, বিশুদ্ধ পানি ও পানি বিশুদ্ধীকরণ ট্যাবলেটসহ বিভিন্ন সামগ্রী প্রদান করা হয়।

উল্লেখ্য, বাংলাদেশ নৌবাহিনী ঘূর্ণিঝড় 'মোখা' এ ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে জরুরি চিকিৎসা সহায়তায় বিশেষ মেডিকেল টিম, জীবন রক্ষাকারী ঔষধ, স্যালাইন ও অন্যান্য সামগ্রী নিয়ে বিনামূল্যে চিকিৎসা সেবায় নিয়োজিত রয়েছে। এছাড়াও ক্ষতিগ্রস্ত এলাকাগুলোতে পরিস্থিতি উন্নতি না হওয়া পর্যন্ত নৌবাহিনীর এই সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে।

স্বাক্ষরিত/-

সাইদা তাপসী রাবেয়া লোপা

সহকারী পরিচালক

পরিচালকের পক্ষে

মোবাইলঃ ০১৭৬৯০১৭১৯৪